সিভিল আইনী সাহায্য এর একটি পথনির্দেশক

সিভিল লিগাল সহায়তা জনসাধারণ কে লিগাল উপদেশ পেতে সাহায্য করে (উপদেশ ও সহায়তা) এবং সলিসিটরদের কোর্ট এ কেইস রাখতে (সিভিল আইনী সাহায্য) সাহায্য করে। এই লিফলেটটি আরো বিষদ ভাবে এই ধরনের সহায়তা ও সাহায্য গুলো ব্যাখ্যা করে এবং বুঝতে সাহায্য করে যে আপনি আর্থিক ভাবে তাদের জন্য আর্থিক ভাবে তাদের জন্য উপযুক্ত কি না।

এপ্রিল 2009 থেকে বৈধ।

আমাদের সঙ্গে যোগাযোগ করুন

আপনি কি চান

- আপনার সবচেয়ে কাছের আইনী সাহায্য সলিসিটর কে খুঁজে নিতে
- আইনী সাহায্য সম্বন্ধে আরো বেশী করে জানতে
- আমাদের লিফলেট পাওয়া জন্য আদেশ করতে

তবে **0845 122 8686** নম্বরে আমাদের **আইনী সাহায্য সহায়তা সংযোগ** এ যোগাযোগ করুন (সপ্তাহে সাত দিন সকাল সাতটা থেকে রাত্রি এগারোটা পর্য্যন্ত খোলা থাকে) অথবা আমাদের ওয়েব সাইট **www.slab.org.uk** পরিদর্শন করুন। আমাদের ওয়েব সাইটে আমাদের পরিষেবার মানের বিবরণ দেওয়া আছে।

ফর্ম, যা আপনাকে ভর্তি করতে দেওযা হবে, সে সংক্রান্ত বিষযে আপনার মনে কোনো প্রশ্ন থাকে অথবা আপনার অর্থনৈতিক **যোগ্যতা** সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, আপনি আমাদের অর্থনৈতিক পর্য্যালোচনা বিভাগের সাথে যোগাযোগ করুন এই নম্বরে 0845 123 2330(সপ্তাহের প্রতিটি কাজের দিনে সকাল ৪-30 থেকে বিকেল 5-00 পর্যন্ত)

আমাদের ঠিকানাঃ 44 Drumsheugh Gardens, Edinburgh EH3 7SW. আমাদের সাধারণ টেলিফোন নম্বর 0131 226 7061। BT টেক্সট-ডাইরেক্ট কলকে স্বাগতম। অথবা আমাদের ই-মেইল general@slab.org.uk.

আমরা সরাসরি আইনী সাহায্য প্রদান করি **না**, তা সলিসিটররা করে থাকেন - আমরা আইনী সাহায্য পদ্ধতি পরিচালনা করি।

অন্যান্য দরকারী যোগাযোগ

ল' সোসাইটি অফ স্কটল্যান্ড, 26 Drumsheugh Grdens, Edinburgh EH3 7YR

টেলিফোন: 0845 113 0018

ওয়েব সাইট: www.lawscot.org.uk

বিনামূল্যে আপনি বিভিন্ন সংস্থা থেকে উপদেশ নিতে পারেন যেমন, সিটিজেনস অ্যাডভাইস স্কটল্যান্ড, যার ওযেবসাইট ঠিকানা হলো (www.cas.org.uk) মানি অ্যাডভাইস সেন্টারস যার ওযেবসাইট হলো (www.moneyadvicescotland.org.uk.) অর শেল্টার যার ওযেবসাইট হলো (www.scotland.shelter.org.uk). যেগুলি বিশেষতঃ গৃহ সংক্রান্ত বিষয়গুলির মোকাবিলা করেন) দযা করে তাদের ওযেবসাইটে যান অথবা ইযালো পেজেসে তাদের সাথে সংযোগ করবার ঠিকানা খুঁজুন ।

আমাদের লিফলেটগুলি

- সিভিল আইনী সাহায্য এর একটি পথনির্দেশক।
- সিভিল আইনী সাহায্য - আবেদকের জন্য তথ্য।
- সিভিল আইনী সাহায্য - আপনাকে যা খরচ দিতে হবে।
- সিভিল আইনী সাহায্য মামলায় বিরোধীদের জন্য নির্দ্দেশ নামা।
- শিশুদের জন্য সিভিল আইনী সাহায্য।
- **একটি অপরাধ সংক্রান্ত আইনসম্মত সহায়তার নির্দেশ** ।
- স্কটিশ আইনী সাহায্য বোর্ড সম্বন্ধে নালিশ এবং সমালোচনা
- তথ্যের জন্য প্রবেশাধিকার

সূচীপত্র

1. সিভিল লিগাল সহায়তা কি?
2. নাগরিক উপদেশ ও সহায়তা

3. সিভিল আইনী সাহায্য
4. কে আমাকে উপদেশ ও সহায়তা দিতে পারেন, বা আইনী সাহায্য?
5. আমি কি করে একজন সলিসিটর কে খুজে বের করব যে আমাকে সিভিল লিগাল সহায়তা দিতে পারবেন?
6. সিভিল লিগাল সহায়তায় আবেদন না করে আমি কি বিনামূল্যে উপদেশ পেতে পারি?
7. আমি কি করে খুজে পাবো যে আমাকে কত অনুদান (কনট্রিবিউশন) দিতে হতে পারে?
8. কি করে আমার অনুদান আপনাকে দেবো?
9. সাহায্যের জন্য আবেদন করার আগে আমার আর কি চিন্তা করা উচিৎ?
10. আমার দেওয়া তথ্য গুলি আপনি কি করে ব্যবহার করবেন?
11. আমি আপনার বা আমার সলিসিটরের কাজে অসন্তুষ্ট হলে কি হবে?
12. আমি কি করে বুঝবো যে আমি আর্থিক ভাবে উপদেশ এবং সহায়তার অথবা বা আইনী সাহায্যর জন্য উপযুক্ত ?

গুরুত্বপূর্ণ নোটঃ আইনী সাহায্যের জন্য অর্থনৈতিক যোগ্যতার মাত্রায় বৃদ্ধি
2009 এর 7ই এপ্রিল থেকে আপনি মানব সভ্যতা সংক্রান্ত আইনী পরিষেবা পাওয়ার জন্য অর্থনৈতিকভাবে উপযুক্ত হবেন যদি আপনার নিষ্পত্তিযোগ্য আয় পচিঁশ হাজার পাউন্ড বা তার কম হয়. 12.2 বিভাগে এই সংক্রান্ত আরো তথ্য আছে ।

1. সিভিল লিগাল সহায়তা কি?

আমরা আর্থিক ভাবে তহবিল গড়ে যারা লিগাল উপদেশ পাওয়ার উপযুক্ত তাদের প্রদান করতে পারি ও সলিসিটর দের তাদের কেস কোর্টে রাখতে সাহায্য করতে পারি। এটি হয়তো বিনামূল্যে অথবা আপনার কেসের সাপেক্ষে একটা অনুদান হতে পারে।

এখানে দুই ধরণের সাহায্য আছে যেটা আপনি পেতে পারেনঃ

- প্রথমতঃ **'উপদেশ এবং সহায়তা'**। এইটি আপনাকে সলিসিটরের নিকট থেকে স্কটিশ আইনের যে কোন ব্যাপারে, সিভিল অথবা অপরাধমূলক উপদেশের খরচ দিতে সাহায্য করবে - যেমন, কোন কোর্টে না গিয়ে সলিসিটরের মারফৎ আপনি যেকোন বিবাদ মেটাতে পারেন। কিন্তু এটি কোর্টে গিয়ে প্রতিনিধিত্বের খরচ বহন করে না।
- দ্বিতীয়তঃ সিভিল আইনী সাহায্য (যেহেতু এই পত্রিকাটি শুধু সিভিল আইনী সাহায্য নিয়ে আলোচনা করে, সুতরাং 'আইনী সাহায্য' বলতে আমরা সিভিল

আইনী সাহায্য বুঝি) এটি আপনাকে সলিসিটরকে খেসারত মিটাতে সাহায্য করবে যেহেতু উনি আপনার হয়ে কোর্টে লড়বেন। এতে প্রস্তুতির কাজ এবং তৎসঙ্গে শুনানিও অর্ন্তভূক্ত এটা প্রয়োজনে উকিল এবং পারদর্শিদের তহবিল প্রদান করবে। বেশীর ভাগ কেসেই উপদেশ ও সহায়তা দিয়ে শুরু হয়; যদি দরকার হয় আইনী সাহায্য টা হবে পরবর্তী পদক্ষেপ। আমরা সাধারণতঃ আপনার অবেদন পাওয়ার 32 দিনের মধ্য আপনাকে বলে দেবো যে এটা সফল হয়েছে কি না।(৩০ দিন লাগবে যদি আপনার সলিসিটর অনলাইনে আবেদন করে থাকেন ।)এটার মধ্য কোন সময় নির্ধারিত থাকবে না যেখানে আমরা আপনাকে বা আপনার সলিসিটর কে বলেছি আরো তথ্যের জন্য, এবং আমরা আপনার কাছ থেকে সাড়া পাওয়ার জন্য অপেক্ষা করছি।

আমরা এই দুটির ব্যাপারে নিচে আরো ব্যাখ্যা দিলাম। মিলিত ভাবে তাদের কে বলা হয় সিভিল লিগাল সহায়তা। আপনার যদি অপরাধ সংক্রান্ত ব্যাপারে সাহায্যের প্রয়োজন, আমাদের লিফলেট *অপরাধ মূলক মামলায় বৈধ সাহায়তা - যদি আপনি প্রহরায় থাকেন* ও *অপরাধ মূলক মামলায় বৈধ সাহায়তা - যদি আপনি প্রহরায় না থাকেন* দেখুন। শিশুরা আইনী সাহায্য খুজছে তো দেখতে হবে *শিশুদের জন্য সিভিল আইনী সাহায্য* । আমাদের লিফলেট *আমি কি সাহায্য ও সহায়তার জন্য উপযুক্ত - অপরাধ মূলক ও শিশুদের আইনী সাহায্য কেসে?* শিশুদের মামলায় ও অপরাধ মূলক কেসের ব্যাপারে উপদেশ ও সহায়তার বিষয়ে আরো বলবে।
কি করে এই *লিফলেট* গুলো পাওয়া যাবে, তা প্রচ্ছদের ভিতরে দেওয়া আছে।

আপনি যদি উপদেশ ও সহায়তার জন্য উপযুক্ত না হন, তবুও আপনি আইনী সাহায্যের জন্য উপযুক্ত হতে পারেন। এবং পাল্টা পাল্টি ভাবে।
কিছু লোকের শুধু উপদেশ ও সহায়তার দরকার, অন্যদের শুধু আইনী সাহায্য দরকার, আবার কিছু লোকের দুটোই দরকার। কিছু লোক শুধু উপদেশ ও সহায়তার লিগাল কার্যপ্রক্রিয়া দিয়ে শুরু করে তারপর আইনী সাহায্যের জন্য যায়।

আপনি যদি আবেদন করবেন বলে মনস্ত করেন, আপনাকে সলিসিটর এর মারফত যেতে হবে।

1.1 সিভিল ব্যাপার কি?
এখানে সিভিল ব্যাপার নিয়ে কিছু উদাহরণ আছে, যার থেকে আপনি হয়তো সাহায্য পেতে পারেনঃ

- বিবাহ বিচ্ছেদ এবং অন্য ব্যাপার যে গুলো পরিবার ও শিশুদের প্রভাবিত করে।

- স্বাস্থ্য বিভাগের অবহেলায় আঘাত প্রাপ্ত হওয়ার জন্য আপনি ক্ষতিপূরণ পাওয়ার চেষ্টা করছেন।
- আবাসন সংক্রান্ত যেমন ভাড়া ও বন্ধক পাওনা, ঠিকঠাক করানো ও উচ্ছেদ
- ঋন এবং ওয়েলফেয়ার অধিকার
- অভিবাসন সংক্রান্ত, রাষ্ট্রীয় পরিচয় ও আশ্রয়।

2. সিভিল উপদেশ ও সহায়তা

2.1 উপদেশ এবং সহায়তার আওতাতে কি আছে

উপদেশ ও সহায়তার আওতাতে এক অনেক কিছু আছে, যতক্ষন পর্য্যন্তঃ

- তারা স্কট ল (আইন) এর ব্যাপার
- আপনি অর্থনৈতিক ভাবে উপযুক্ত
- আপনার অন্য কারো কাছ থেকে অর্থনৈতিক সাহায্য পাবার নেই, যেমন ট্রেড ইউনিয়ন, বীমা বা ব্যবসায়ীক সংস্থা থেকে

যতক্ষন পর্যন্ত আপনাকে এ ব্যপারে উপদেশ দেওয়া হচ্ছে, আপনার সলিসিটর পারেঃ

- আপনি কি লিগাল কেইস কে এগিয়ে নিয়ে যাবেন তার জন্য উপদেশ
- আপনার বিরুধীপক্ষের সাথে আপসে মিমাংসার চেষ্টা করা
- লিগাল এইডে আবেদন করে ব্যাপারটাকে কোর্টে নিয়ে যাওয়ার জন্য উপদেশ
- আপনার জন্য চিঠি পত্র লিখা বা রিপোর্ট পাওয়া

কিছু ধরণের কেইসের ক্ষেত্রে আপনার সলিসিটর আপনাকে আইনী সাহায্যের অধীনে কোর্টে উপস্থাপন করতে পারবে না যেমনঃ

- ছোট দাবি - যেখানে কারুর কাছ থেকে £3000 এর কম ক্ষতিপূরণ দাবি যদি না তা দাবী ব্যাক্তিগত আঘাত সম্পর্কিত না হয় (জানুয়ারী 2008 থেকে বলবৎ হবে)
- দেউলিয়া হয়ে যাওয়া সম্বন্ধে কিছু ক্রিয়া

যাই হোক তারা এব্যপারে আপনাকে উপদেশ দিতে পারে।

2.2 আমি কি করে উপদেশ বা সহায়তার জন্য আর্থিক ভাবে উপযুক্ত হবো?

আপনার সলিসিটর আপনার উপদেশ ও সহায়তার জন্য সংসদের দ্বারা ঠিক করা আর্থিক যোগ্যতার পরিমাপ নির্ধারণ করবে। আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয় ও ডিসপোসেবল মূলধন (সঞ্চিত এবং সম্পত্তির মূল্যায়ন) তা নির্ধারিত পরিমাপের ভিতরে থাকতে হবে। সাধারণতঃ, আপনি উপযুক্ত হবেন যদি আপনার সঞ্চয় এবং আপনার যা আছে তার মূল্যায়ন (আপনি যে বাড়ীতে বাস করেন তা ছাড়া) £1,639 অথবা তার থেকে কম এবংঃ

- আপনি আয় সমর্থন (ইনকাম সাপোর্ট) বা আয়-ভিত্তিক কর্মসন্ধানীর এ্যালাউন্স (ইনকাম-বেসড জবসিকার্স এ্যালাউন্স) পেয়ে থাকেন এবং
- আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয় (আপনার যা কিছু বিল ও এ্যালাউন্স মিটিয়ে দেওয়ার পরে) £234 এর কম।

আপনি যদি পেন্‌শনার্‌ হন (মহার্ঘ ভাতা পেয়ে থাকেন), তবুও আপনি উপযুক্ত হতে পারেন যদি আপনার সঞ্চয় এবং আপনার সঞ্চিত মূল্য £1,639 থেকে বেশী ।

উপদেশ এবং সহায়তার জন্য, আপনার মূলধন থেকে কোন অনুদান দিতে হবে না, কিন্তু তবুও আপনাকে আপনার আয়ের পরিমাণ অনুযায়ী একটা মূল্য দিতে হবে।

আপনি কি অর্থনৈতিক ভাবে উপদেশ এবং সহায়তার জন্য উপযুক্ত তা জানার জন্য আপনি সেক্‌শন 12.1 অনুসরণ করতে পারেন। অথবা আমাদের ওয়েব সাইট www.slab.org.uk এ ওনলাইন ক্যালকুলেটর ব্যবহার করে নিতে পারেন। আমাদের পত্রিকা এবং ওয়েব সাইটে যে তথ্য আছে সে গুলি শুধু মাত্র একটি পথনির্দেশ। আপনাকে একজন সলিসিটর এর সাথে কথা বলতে হবে, যে আপনাকে নিশ্চিত করে বলতে পারে যে আপনি উপদেশ এবং সহায়তার ব্যাপারে উপযুক্ত হওয়ার কারকগুলি পূরণ করেন কি না। একজন সলিসিটর কি করে সন্ধান করবেন তার জন্য, সেক্‌শন্‌ 5 দেখুন।

এটা খুব গুরুত্বপূর্ণঃ যে আপনি সলিসিটর কে আপনার অর্থনৈতিক অবস্থার সঠিক তথ্য দিয়েছেন। তারা আপনার আয়, সঞ্চয় এবং পোষ্যদের (সন্তান ও অন্য লোকেরা যারা আপনার উপর নির্ভর - ডিপেনডেন্ট)। আপনি যখন প্রথম বার সলিসিটর এর সাথে দেখা করবেন এইসবের যথেষ্ট প্রমাণ সঙ্গে নিয়ে যাবেন। উদাহরণ স্বরূপঃ,আপনাকে নিতে হবে ঃ

- সাম্প্রতিক বেতনের নোট, অথবা অ্যাকাউন্টস্‌ আপনি যদি স্বনির্ভর হয়ে থাকেন
- আপনি কোনো প্রাক্তন কর্মীর কাছ থেকে পেনশনের অর্থপ্রদাণ সংক্রান্ত উপদেশ নিতে পারেন অথবা আপনি আপনার পেনশনের বই বা সুবিধা সংক্রান্ত বইও নিতে পারেন ।
- পেনসন বা বেনিফিট বই
- সাম্প্রতিক বেনিফিট এওয়ার্ড চিঠি অথবা ঘোষণা পত্র

- সমস্ত সঞ্চয় বা অ্যাকাউন্টের পূর্ণাঙ্গ বিবরণ---যেমন ধরুন ব্যাঙ্ক/গৃহনির্মাণ সংস্থা/ডাকঘর বিবৃতি অথবা পাশবই ।

- যে কোনো সঞ্চয়ের বিবরণ - উদাহরণ স্বরূপঃ ব্যাঙ্ক ষ্টেটমেন্ট বা পাস্‌বই।

আপনি যদি শুরুতে এই প্রমাণ পত্র গুলি পেশ করতে না পারেন, আপনার আবেদন পিছিয়ে যাবে যতক্ষন পর্যন্ত না আপনার সলিসিটর আপনার অর্থনৈতিক অবস্থার তথ্যকে উপযুক্ত মনে করছেন, তারা আপনার জন্য কাজ শুরু করতে পারবেন না।

আপনি যদি বিবাহিত হন বা কোন সঙ্গী কে নিয়ে বাস করেন, আপনার সলিসিটর সাধারণতঃ ওদের আয় এবং সঞ্চয় নিয়ে একই ধরনের তথ্য জানতে প্রয়োজন বোধ করবে, যতক্ষন না পর্যন্ত:

- আপনারা আলাদা্ ভাবে থাকেন
- তারা সেই ব্যক্তি যাদের সঙ্গে আপনার লিগাল সমস্যা চলছে বা তারা আপনার কেসের বিরোধীপক্ষ
- এটা খুব অসমীচিন বা এ ভাবে করা খুব কঠিন।

আপনার সলিসিটর কে এটাও নিশ্চিত হতে হবে যে ব্যাপারে আপনি উপদেশ এবং সহায়তা চাইছেন তা স্কটিশ আইনের এর আওতায় পড়ে।

3. সিভিল আইনী সাহায্য

3.1 আইনী সাহায্যের আওতা ভূক্ত কি কি?

আপনি ও আপনার সলিসিটর এ ব্যাপারে একমত থাকেন যে উপদেশ এবং সহায়তায় আপনার সমস্যার সমাধান হবে না, এবং আপনার কেস কে কোর্ট এ নিয়ে যাওয়া প্রয়োজন তখন আপনার লিগাল এইডে আবেদন করতে প্রয়োজন পড়তে পারে।

আপনি যদি লিগাল এইডে আবেদন করবেন বলে মনস্ত করে নেন, তখন আপনার সলিসিটর আপনাকে আমাদের **লিফলেটা** *সিভিল আইনী সাহায্য - আবেদনকারীর জন্য তথ্য* আপনাকে দেবেন যাতে আইনী সাহায্য সম্বন্ধে আরো অনেক তথ্য আছে।

3.2 কি করে আমি আইনী সাহায্যের জন্য উপযুক্ত হবো?

আপানার কেসের নমুনা ও আপনার আর্থিক পরিস্থিতির ব্যপারে আপনি ও আপনার সলিসিটর মিলে একটি ফর্ম ভরবেন, এবং আমাদের কাছে পাঠিয়ে দেবেন। আমরা এইভাবে সব আবেদন গুলো পেয়ে যাব এবং আমাদের সংসদের দ্বারা নির্ধারিত সব আইনগুলো অনুসরণ করতে হবে। আপনার আইনী সাহায্য পাওয়ার আগে সব ধরনের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

আইনী সাহায্য অনুমোদিত হওয়ার আগে, আমাদের মনস্থ করতে হবে যেঃ

- আপনি আর্থিক ভাবে উপযুক্ত
- আপনার কেসের লিগাল ভিত্তি আছে (অনেক সময় 'সম্ভাব্য কারণ' বলা হয়)
- এটা যুক্তিযুক্ত যে আপনি আইনী সাহায্য পাবেন - উদাহরণ স্বরূপঃ, এটা হয়তো যুক্তিযুক্ত নয় যে আপনাকে আইনী সাহায্য দেওয়া হবে যদি যে ব্যক্তির বিরুদ্ধে আপনি নালিশ করতে চেষ্টা করছেন তার কাছে টাকা নেই; আপনার কেসের মূল্য থেকে তখন টাকা বেশী খরচ হবে; অথবা এটা অসম্ভব দেখাবে যে আপনি কেসে জিতবেন।
- অন্য কারুর কাছ থেকে আপনার অর্থনৈতিক সাহায্য পাবার আশা নেই - যেমন ট্রেড ইউনিয়ন, বীমা কম্পানী (কিছু কিছু কেস আপনার গৃহবীমা বা গাড়ীবীমা পলিসির আওতায় আসতে পারে) অথবা পেশাদারী সংস্থান।

আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয় ও ডিসপোসেবল মূলধন (সঞ্চিত এবং সম্পত্তির মূল্যায়ন) তা নির্ধারিত পরিমাপের ভিতরে থাকতে হবে। সাধারণতঃ, আইনী সাহায্যকে আপনার কিছুই দিতে হবে না যদিঃ

- আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয় £3,355 অথবা কম, আপনার সাপ্তাহিক ডিসপোসেবল মূলধন £7,504 অথবা কম অথবা
- আপনি অথবা আপনার পার্টনার আয় সমর্থন (ইনকাম সাপোর্ট) বা আয়-ভিত্তিক কর্মসন্ধানীর এ্যালাউন্স (ইনকাম-বেসড জবসিকার্স এ্যালাউন্স) পেয়ে থাকেন ।

যাইহোক, আপনাকে কিন্তু অনুদান দিতে হবে যদি আপনারঃ

- বাৎসরিক ডিসপোসেবল আয় £3,355 ও £25,000 এর মধ্যে, অথবা
- বাৎসরিক ডিসপোসেবল মূলধন £7,504 ও £12,439 এর মধ্যে

এবং আপনি

- আইনী সাহায্যের জন্য উপযুক্ত হবেন না যদি আপনার বাৎসরিক ডিসপোসিবল আয় £25,000 এর বেশী

- আইনী সাহায্যের জন্য উপযুক্ত হতে না পারেন যদি আপনার বাৎসরিক ডিসপোসিবল মূলধন £12,439 এর বেশী।

যদিও আপনার মূলধন £12,439 এর কম আপনি তবুও যোগ্য না হতে পারেন যদি আপনি একজন পেনশনভোগী হন অথবা ন্যায় বিচারের সুবিধায় আমরা মনে করি যে আপনাকে আইনী সাহায্য দেওয়া হবে না। আপনার সলিসিটর এ ব্যাপারে আপনাকে উপদেশ দিতে পারেন।

আপনি কি আইনী সাহায্যের যোগ্য তার বিশদ বিবরণের জন্য আপনি সেক্শন্ 12.2 এর পদক্ষেপ গুলি দেখতে পারেন। এগুলি 'ডিসপোসেবল আয়' এবং 'ডিসপোসেবল মূলধন' এবং যেকোন এলাউন্স আপনি আপনি পেয়ে থাকেন তার ব্যাখ্যা আছে। আপনি আমাদের ওনলাইন ক্যালকুলেটর বা আমাদের ওয়েব সাইট www.slab.org.uk ব্যাবহার করতে পারেন।

মনে রাখবেনঃ আপনি শুধু আপনার নিজস্ব গণনা একটা আনুমানিক পথনির্দেশ পেয়ে যাবেন। আপনি যদি মনে করেন যে আপনি লিগাল এইডে আবেদন করবেন, আপনাকে তা সলিসিটর এর মাধ্যমে করতে হবে। একজন সলিসিটর খুজে পেতে সেক্শন্ 5 দেখুন। আমরা আপনার আবেদন পত্র নিরূপণ করে দেখব আপনি যোগ্য কি না। আমরা আপনার অর্থনৈতিক যোগ্যতা যাচাই করব, আপনার কেসের কোনো লিগাল ভিত্তি আছে কিনা, এবং এই পরিস্থিতিতে আপনাকে আইনী সাহায্য দেওয়া যুক্তিযুক্ত কি না।

দেখানো সংখ্যা গুলো প্রত্যেক বৎসর পরিবর্তন হয়, দয়া করে আপনি কি সাম্প্রতিক পত্রিকা গুলো পেয়েছেন কি না যাচাই করে নিন।

3.3 আমাকে সলিসিটর দিয়ে জরুরীকালীন কাজ করতে হলে কি হবে?

আপনাকে আইনী সাহায্য মঞ্জুর করতে পারবো কি না তা স্থির করার পূর্বে আপনার সলিসিটর আপনার হয়ে কোর্টে জরুরীকালীন কাজ করতে পারবে - যেমন আপনাকে কেউ নির্যাতন করবে তা বাধা দিতে আদেশ করার জন্য আবেদন করা - যাই হোক, এই কাজের জন্য আপনাকে অনুদান দিতে হবে, এমন কি যদিঃ

- আপনি কেস নিয়ে অগ্রসর হতে চান না, অথবা
- আমরা পরে আইনী সাহায্যের জন্য আবেদন পত্র অস্বীকার করি।

4. কে আমাকে উপদেশ এবং সহায়তা অথবা আইনী সাহায্য দিতে পারে ?

আপনি উভয় ধরণের সহায়তা আপনি সলিসিটর এর মাধ্যমে পাবেন। প্রাইভেট সেক্টরে কাজ করা, ল সেন্টারে বা অন্য কোন উপদেশ এজেন্সিতে কাজ করা বা আমাদের দ্বারা নিযুক্ত কোন সলিসিটর হতে পারে।

5. আমি কি ভাবে একজন সলিসিটর পাবো যে আমাকে সিভিল লিগাল সহায়তা করতে পারে।

সিভিল আইনী সাহায্য সহায়তা দিতে একজন রেজিষ্টার্ড সলিসিটর কে পেতে হলেঃ

- আমাদের আইনী সাহায্য হেল্পলাইন 0845 122 8686 নম্বরে যোগাযোগ করুন (সপ্তাহে 7 দিন সকাল 7 টা থেকে রাত্র 11 টা পর্য্যন্ত খোলা)
- আমাদের ওয়েব সাইট www.slab.org.uk এ যোগাযোগ করুন।

স্কটল্যান্ডের ল সোসাইটি থেকে এবং আপনার স্থানীয় সিটিজেন্স ব্যুরো থেকে আপনি সলিসিটর সম্বন্ধে তথ্য পেতে পারেন (বিস্তারিত তথ্যের জন্য আপনি ভিতরের প্রচ্ছদ দেখুন)।

পরিচালক সমিতি তার নিজস্ব সিভিল আইনী সহায়তা কার্যালয় পরিচালনা করেন কিছু বিশেষ এলাকায় । এইসব কার্যালযে যে সলিসিটররা কাজ করেন তাদেরকে আমরা কাজে নিযুক্ত করি সাধারণ মানুষের আইনি সহায়তা সংক্রান্ত কেসগুলি লড়বার জন্য. সেইসব মানুষ যারা আইনি সহায়তা পাওয়ার যোগ্যতা রাখেন তথাপি কোনো ভালো সলিসিটর খুঁজে পান না ।

কোনো সিভিল লিগাল অফিসের সাহায্য পাওয়ার জন্য আপনাকে হাইল্যান্ড এবং আইল্যান্ডে (হাইল্যান্ড, মোরে, ওয়েস্টার্ন, আইলস, অর্কনি এবং শেটল্যান্ড) ফোন করতে হবে এই নম্বরে— 0845 123 2353, কিংবা যেতে হবে www.slab.org.uk/civil office এই ওয়েবসাইটে অথবা ই-মেল করতে হবে mail@pvs.slab.org.uk তে ।

এই একই ধরণের পরিষেবা পাওয়া যাবে আর্গিল এবং বুটেঃ এখানে আপনাকে এই নম্বরে ফোন করতে হবে-01546 604 106 ।

আমরা উপদেশ সার্জারি পরিচালনা করে থাকি এবং নাগরিক সভ্যতা সংক্রান্ত আইন বিষয়ে বিভিন্ন কাজ করে থাকি সমগ্র লোথিয়ানের কয়েদখানায় এবং কমিউনিটি লিঙ্ক সেন্টারে ।

6. সিভিল আইনী সাহায্য সহায়তায় আবেদন না করে আমি কি বিনা খরচে উপদেশ পেতে পারি?

বিভিন্ন সংগঠন যেমন, সিটিজেন্স এডভাইস ব্যুরো বা মানি এডভাইস সেন্টারস্ অথবা শেল্টার (যারা গৃহ সংক্রান্ত বিষয় নিয়ে মোকাবিলা করেন) থেকে বিনা পয়সায় উপদেশ পাওয়া যাবে। ওরা আপনার কেইসে সহায়তা করবে এবং আইনী সাহায্য দরকার কি না তা বিবেচনা করবে।(লিফলেটের প্রথম পাতার অভ্যন্তরে যোগোযোগ বিবরণ দেওয়া আছে) আপনি আপনার ইউনিয়ন বা বীমা থেকেও সাহায্য পেতে পারেন।

7. আমার দেনা বা আমাকে কত দিতে হবে (কনট্রিবিউশন) আমি কি ভাবে বুঝবো?
লিগাল সহায়তা সর্বদা বিনামূল্যে নয় । আমরা যদি আপনাকে উপদেশ এবং সহায়তা বা আইনী সাহায্য মঞ্জুর করি তবে একটি বা উভয়টির খরচে আপনাকে কিছু টাকা দিতে হবে, যে ভাবে তা আমরা নিচে ব্যাখ্যা করবঃ

আমরা আপনার সলিসিটরের খরচের টাকা দেবো যাইহোক আমাদের দেওয়া টাকা ফিরিয়ে পাওয়ার জন্য চেষ্টা করার দায়িত্ব আমাদের। খরচ বহন করতে আমরা ব্যবহার করবঃ

- প্রথমতঃ যে কোন অনুদান আপনি দেবেন (সেকশন 7.1 দেখুন) - যা আপনার রোজগারের উপর নির্ভর করে
- দ্বিতীয়তঃ, যে কোন খরচ যা আপনার বিবাদী প্রদান করবে।
- তৃতীয়তঃ, প্রথম দুইটি যথেষ্ট না হলে, আপনার অর্জিত বা সঞ্চিত সব টাকা বা আংশিকটা (এর নাম 'ক্লোব্যাক') - আপনাকে তা করতে হবে না যদি টাকা আপনার কাঠিন্য বা দুর্দশা ডেকে আনে।
- চতুর্থতঃ, যদি প্রথম তিনটে যথেষ্ট না হয়, আমাদের নিজস্ব ফাণ্ড বা তহবিল।

কিছু ব্যাপারে, সলিসিটরের টাকা দিতে আপনার অর্জিত বা সঞ্চিত সম্পত্তি ব্যবহার করতে হবে না, যদি আপনি দেখাতে পারেন যে এই করতে আপনার অসুবিধা হচ্ছে।

আইনী সাহায্যের জন্যঃ

- প্রথমতঃ যে কোন খরচ যা আপনার বিবাদী মেটাবে।
- দ্বিতীয়তঃ যে কোন অনুদান যা আমাদেরকে দিতে হবে।
- তৃতীয়তঃ প্রথম দুইটি শর্ত যথেষ্ট না হলে ক্লোব্যাক এর মাধ্যমে আপনার প্রাপ্ত সম্পত্তিকে আমরা ব্যবহার করব।
- চতুর্থতঃ যদি তিন তিনটে শর্ত যথেষ্ট না হয়, আমরা আমাদের নিজস্ব তহবিল ব্যবহার করব।

আপনার যা দিতে হবে তার বিষদ তথ্যের জন্য আমাদের লিফলেট দেখুন *'সিভিল আইনী সাহায্য - আপনার যা দিতে হবে।*

আপনার যদি কিছু দিতেই হয় তবে আমাদের সলিসিটারকে সরাসরি দিয়ে দিন। ওরা উপদেশ এবং সহায়তার আওতায় একটি নেট ফিনানশিয়েল লিমিট পর্য্যন্ত কাজ করবে। তারা যদি বেশী খরচের কাজ অধিকতর করতে চায় তবে আমাদেরকে জিজ্ঞেস করে অনুমতি নিতে হবে। আমরা যদি এতে রাজি না হই, আপনার সলিসিটারঃ

- লিগাল সহায়তা চালিয়ে যাওয়া কালীন আপনাকে আলাদা করে তার জন্য টাকা দিতে বলতে পারবেন না।
- আপনাকে জিজ্ঞেস করবে যে তারা ব্যক্তিগতভাবে আপনার হয়ে কাজ করবেন কি না। আপনি যদি তা করেন, তারা আপনাকে সম্পূর্ণ বুঝিয়ে দেবে এবং তারা আপনার হয়ে পুনরায় কাজ শুরু করার পূর্বে আপনার তাদের ব্যবসার শর্ত - তে রাজি হতে হবে।

কিন্তু আইনী সাহায্যের জন্য আপনার অনুদান আমাদেরকে দেন।

7.1 অনুদান বা কনট্রিবিউশন

উপদেশ এবং সহায়তা আইনী সাহায্যের প্রতি আপনার অনুদান দিতে হবে। এইগুলি ভিন্নভাবে করা হয়েছে। আপনার কি দিতে হবে তার একটা খসড়া বের করতে ধারা 12.1 এবং 12.2 দেখুন। আপনার দেনা নিয়ে যদি কোন প্রশ্ন থাকে দয়া করে আমাদের অর্থনৈতিক মূল্যায়ন ইউনিটে যোগাযোগ করুন। আপনার যদি টাকা দিতেই হয় তা নির্ভর করবে আপনার রোজগার, সঞ্চয় এবং সম্পত্তির উপর।

উপদেশ এবং সহায়তার জন্য কেসের শুরুতেই সলিসিটার আপনাকে বলা উচিতঃ

- উপদেশ এবং সহায়তার জন্য আপনাকে কি দিতে হবে (সলিসিটার আপনাকে কত দিতে বলবে তা নিয়ে নিয়ম আছে)
- আপনার অর্জিত বা সঞ্চিত টাকা থেকে কোন টাকা দিতে হবে কি না
- আইনী সাহায্যের জন্যে আপনার কিছু দেওয়ার আছে কি তা সলিসিটারের বলা উচিত।

কিন্তু আমরা যদি আইনী সাহায্য দিতে মঞ্জুর করি আমরা আপনাকে বলবঃ

- ঠিক আপনার অনুদান কত হবে।
- আপনি কতদিন পর্য্যন্ত কিস্তি দিতে পারেন।

আইনী সাহায্যের জন্য আপনি অনুদান রোজগার থেকে মাসিক কিস্তিতে দিতে পারেন। সাধারণতঃ আপনি যত টাকা দেবেন আমরা তত সময় দেব।

আপনি যখন লিগ্যল এইডের জন্য আবেদন করবেন এটা গুরুত্বপূর্ণ যে আপনি সলিসিটারকে জিজ্ঞেস করুন আপনার কেসের সম্ভাব্য খরচ হিসাব করতে এবং আমাদেরকে বলতে। এতে আপনার টাকা বাঁচবে, যেহেতু প্রথমে আমরা আপনার যেকোন অনুদান আপনার সলিসিটরের দ্বারা ধার্য্য করা মূল্য কে নিয়ন্ত্রণ করব। কিন্তু নির্ধারিত টাকার বেশী টাকা খরচ হয়ে যদি কেস শেষ হয় আমরা ব্যবধান দেখব।

- সম্ভাব্য খরচ এবং আমরা যে অনুদান হিসাব করেছি যেটা আপনাকে দিতে হতো।
- সম্ভাব্য খরচ এবং কেসের আসল খরচ।

আপনাকে এর মধ্যে কম টাকাটা দিতে হবে

আপনি আপনার অনুদানের কিছু অংশ ফিরে পেতে পারেন যদি আমাদেরকে দেওয়া টাকা থেকে কেসে বেশী খরচ হয়, অথবা আমরা যদি আপনার বিবাদী থেকে কিছু খরচ পাই।

7.2 আপনি যদি কেসে হেরে যান ?

আপনি যদি আপনার কেসকে কোর্ট এ নিয়ে গিয়ে আইনী সাহায্য পান, তবে এটা এই বোঝায় না যে বিবাদীর খরচ পূরণ করা হল। সুতরাং যদি আপনি কেসে হারেন, কোর্ট আপনাকে বিবাদীর সব খরচ বা কিছু খরচ দিতে বলবে, অথবা আপনি বন্দোবস্ত স্বরূপ কিস্তিতে টাকা দিতে পারেন। উভয় কেসেই আপনাকে এই ধরণের খরচ দিতেই হবে - আমরা আপনার হয়ে দিতে পারি না। আপনি কেস কোর্ট এ নিয়ে যাবেন কি না এ ব্যাপারে সলিসিটার আপনাকে আরও তথ্য প্রদান করবে।

8. আমি কিভাবে আমার অনুদান দেবো?

আপনি যে অনুদান আমাদেরকে আইনী সাহায্যের জন্য দেবেন তা নীচের সংখ্যা নিয়ে আলোচনা করে। এইগুলি উপদেশ এবং সহায়তার জন্য অনুদান কে বুঝায় না। আপনি এইগুলি সলিসিটরকে প্রত্যক্ষ দিয়ে দিন, যে আপনাকে কত দিতে হবে তা বলবে।

রোজগারের উপর নির্ভর করে যদি আপনাকে কোন অনুদান আমাদেরকে দিতে হয়। আমরা স্বাভাবিকভাবে আপনাকে কিস্তিতে টাকা দিতে অনুমতি দেব। আমরা আপনাকে

বলব কতটা কিস্তি এবং কতদিনের জন্য। তা নির্ভর করবে আপনার যা মোট টাকা দিতে হবে তার উপর। স্বাভাবিকভাবে আমরা অনুদান স্বীকার করবঃ

- £500 পর্য্যন্ত যা 20 টা মাসিক কিস্তিতে দিতে হবে।
- £501 থেকে £1000 পর্য্যন্ত 30 টা মাসিক কিস্তিতে
- £1001 থেকে £1500 পর্য্যন্ত 36 টা মাসিক কিস্তিতে
- £1501 থেকে £2000 পর্য্যন্ত 42 টা মাসিক কিস্তিতে
- £2000 টাকার বেশী পর্য্যন্ত 48 টা মাসিক কিস্তিতে দিতে হবে

আপনি যদি মনে করেন এই সময়ের মধ্য আপনার টাকা দিতে অসুবিধা হবে, আমরা তখন আপনাকে অধিকতর সময় দেব। আমরা আপনাকে কেন বেশী সময় দেব তার কারণ আপনাকে দেখাতে হবে। আমাদের ট্রেজারি বিভাগের কর্মীরা আপনার সঙ্গে এই ব্যাপারে আলাপ করে খুশি হবে।

আপনার মূলধনের উপর যদি আপনার অনুদান নির্ভর করে আমরা স্বাভাবিকভাবে আপনাকে একসঙ্গে মোটের উপর দিতে বলব।

9. সাহায্যের জন্য আবেদন করার পুর্বে আমি আর কি নিয়ে ভাবব?

উপদেশ এবং সহায়তা বা আইনী সাহায্যের জন্য আবেদন করার পুর্বে, দয়া করে বিবেচনা করুন আপনাকে শেষপর্যন্ত কি দিতে হতে পারে। আমরা এই ব্যাপারে আরও ব্যাখ্যা আমাদের লিফলেট *সিভিল আইনী সাহায্য এ আপনার যা দিতে হতে পারে* - তে পেয়ে যাবেন।

আপনি যখন আইনী সাহায্য এর জন্য আবেদন করবেন, সলিসিটার আপনাকে একটি লিফলেট দেবেন, *সিভিল আইনী সাহায্য - আবেদকের জন্য তথ্য,* যা আইনী সাহায্য নিয়ে বিশদ ব্যাখ্যা করে।

দয়া করে লিফলেটটি যত্ন করে পড়ুন। আপনার কোন কিছু অনুদান করতে হলে সলিসিটর তা নির্ণয় করতে সক্ষম হবে, এবং ব্যাখ্যা করবে তার হিসাব কীভাবে হয়। যদি কোন কিছুর ব্যাপারে আপনি নিশ্চিন্ত না হন, আমাদের ফাইনান্‌শিয়াল্‌ এসেসমেন্ট ইউনিট এ যোগাযোগ করুন (ভিতরের প্রচ্ছদ দেখুন)।

মনে রাখবেন, আপনি যদি উপদেশ এবং সাহায্য থেকে আইনী সাহায্য এ যেতে চান, সলিসিটারকে হিসাব করে আমাদের খরচটা বলতে বলুন। সেকশন 7 এ বর্ণিত অনুযায়ী আপনার টাকা বাঁচতে পারে।

ক্লোব্যাক আপনার কি করতে পারে তা সলিসিটার বলবে (সেকশন 7 দেখুন)। কেইসের খরচ মেটাতে আপনি আপনার অর্জিত বা সঞ্চিত টাকা ব্যবহার করতে পারেন। যদি এটা আপনাকে প্রভাবিত করে, আপনি *সিভিল আইনী সাহায্য - আপনাকে যা দিতে হবে* তার একটি কপি ওদের নিকট থেকে পাবেন।

আপনার সলিসিটার আপনাকে বলতে পারে যে আপনি লিগাল সহায়তার জন্য যোগ্য নন কিন্তু ওরা আপনার নিকট থেকে প্রাইভেট রেট চেয়ে কেইস চালিয়ে যেতে ইচ্ছুক হতে পারে। যদি তাই ঘটে আমরা সুপারিশ করি যে আপনিঃ

- সলিসিটারকে জিজ্ঞেস করে এর কারণ সম্পূর্ণভাবে জেনে নিন।
- নিশ্চিন্ত হন যে ওরা আপনার হয়ে কাজ শুরু করার পূর্বে আপনি ওদের ব্যবসার সব নিয়ম বুঝে নিন।

মনে রাখবেন আপনি সর্বদা আমাদের ফাইনেনশিয়াল এসেসমেন্ট ইউনিট এ যোগাযোগ করতে পারেন যদি আপনার ফাইনেনশিয়াল যোগ্যতা নিয়ে কোন প্রশ্ন থাকে।

আপনার অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে আপনার দেওয়া তথ্য সম্পূর্ণ এবং সঠিক হওয়া চাই। আপনি যদি স্বেচ্ছায় ভুল তথ্য দেনঃ

- আমরা আপনার আইনী সহায়তা বন্ধ করে দিতে পারি
- আপনার কেস এর জন্য আইনী সাহায্য মারফৎ পাওয়া খরচ পুনরায় ফিরিয়ে দিতে হতে পারে।
- আপনার বিরুদ্ধে অপরাধ মামলা চালানো হতে পারে।

10. আমার দেওয়া তথ্য আপনি কিভাবে ব্যবহার করবেন?

আইনী সাহায্য এর জন্য আবেদন করে আপনি আমাদেরকে বোর্ড এর আওতায় তথ্য আলোচনা করতে অনুমতি করুন, প্রয়োজননুসারে বোর্ড এর বাইরে থাকা মানুষের সঙ্গে মিলে। যেমন, আপনার নিয়োগকর্তার সঙ্গে মিলে আপনার রোজগার পরীক্ষা করতে পারি, অথবা বিভাগের কাছে আপনার কাজের এবং পেনশন এর জন্য আপনি যে সুবিধা দাবী করছেন।

স্কটল্যান্ড এর ল সোসাইটিকে প্রতিনিধিত্ব করা সলিসিটর আপনার আবেদন পেয়ে তথ্য দেখবে কারন সোসাইটি রেনডম কোয়্যালিটি এ্যাসিয়রেন্স (গুণমান) পরীক্ষা করবে।

আইনত:, মানুষের দেওয়া তথ্য আমরা কিভাবে ব্যবহার করি তা নিয়ে আমাদের খুব সতর্ক হতে হয়। আইনী সাহায্যের আবেদন পত্রের জন্য কারো দেওয়া তথ্য আমরা স্বাভাবিকভাবে অনুমোদিত করি যদি ওই ব্যক্তি আমাদেরকে অনুমতি দেয় অথবা যদি আইন আমাদেরকে করতে বলে। যাইহোক আপনি যদি এমন কাউকে চান যে আপনার কেসের ব্যাপারে সম্পর্ক করবে যেমন আপনার **MSP**, এটা করতে গেলে আপনার অনুমতি ক্রমে আমরা তাদের সাথে আলোচনা করব।

আমাদের এটাও কর্তব্য যে আমরা কিছু বিশেষ তথ্য গোপন রাখব আর ডাটা প্রোটেকশ্যন এন্ড ফ্রিডম অব ইনফরমেশন এর আওতায় পাঠিয়ে দেবো। উদাহরণ স্বরূপঃ আমরা আপনার অন্য লোকের ব্যাক্তিগত তথ্য দিতে পারি না। কিন্তু এটা আপনার অধিকার আছে আমাদের কাছে আপনার সম্মন্ধে কি ধরনের তথ্য আছে তা জিজ্ঞেস করার, এবং অন্য আরো তথ্য যেটা আমরা আইনী সাহায্য এর জন্য গচ্ছিত রাখি।

আপনি যদি আমাদের ফোন করেন আমরা অনেক সময় আপনার পরিচয় পাওয়ার তথ্য ব্যবহার করি। আমরা অনেক সময় এমন সব বিবরণ সংগ্রহ করি যাতে আমাদের কাজের পদ্ধতি ন্যায়পরায়ণতা থেকে বিচ্যুত না হয় আর সবাইকে সমান সুযোগ দেওয়া হয়।

আপনি যদি আপনার দেওয়া তথ্যেকে আমরা কি ভাবে ব্যবহার করছি তা সম্বন্ধে আরো জানতে চান, দয়া করে আমাদের পত্রিকা *তথ্যের প্রবেশাধিকার* পড়ুন যেখানে আরো ব্যাখ্যা করা আছেঃ

- আপনি জানতে পারবেন আপনার কি ধরণের তথ্য আমাদের কাছে আছে
- আমরা আপনার যেকোন তথ্য ব্যবহার করতে পারি
- আপনি অন্য গচ্ছিত তথ্যের এবং অফিশ্যিয়াল তথ্যের প্রবেশাধিকার পাবেন

11. আমি যদি সলিসিটরের কাজে সন্তুষ্ট না হই তাহলে কি হবে?

আমাদের **লিফলেট** *স্কটিশ আইনী সাহায্য বোর্ড নিয়ে অভিযোগ এবং টিপ্পনি* আরো বিশদ ভাবে আমাদের অভিযোগ পদ্ধতি নিয়ে ব্যাখ্যা করে। এটা আপনারা আমাদের কাছ থেকে পেয়ে যাবেন - দয়া করে আমাদের ভিতরের প্রচ্ছদের বিবরণ দেখুন। অথবা আমাদের ওয়েবসাইট www.slab.org.uk তে পেয়ে যাবেন।

যদি আপনার সলিসিটারের বিরুদ্ধে কোনো নালিশ থাকে

আপনি সর্বপ্রথম তার সাথে কথা বলুন । তথাপি যদি আপনি পরিতুষ্ট না হন, আপনার উচিত ওই কার্যালয়ের সেই ব্যাক্তির সাথে কথা বলা, যিনি অভিযোগ সংক্রান্ত বিষয়গুলি দেখেন এবং তারাই আপনার সমস্যার সমাধান করার চেষ্টা করবেন ।

যদি আপনার অভিযোগ আইনী সহায়তা সংক্রান্ত হয় তাহলে আমরা চাইব এই বিষয় সংক্রান্ত কোনো চিঠিপত্র অথবা নোটের প্রতিলিপি আপনি আমাদেরকে পাঠাবেন ।

যদি আপনি এই পরিস্থিতি সম্পর্কে কোনো অসন্তোষ বোধ করেন, আপনি তাহলে স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনের সাথে যোগাযোগ করতে পারেন (এ বিষয়ে জানতে হলে পরে দেখুন)

যদি আপনার অভিযোগ আপনার উকিল সম্পর্কে হয় তাহলে

আপনি সর্বপ্রথম তার সাথে কথা বলুন । যদি আপনি এই পরিস্থিতি সম্পর্কে কোনো অসন্তোষ বোধ করেন, আপনি তাহলে স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনের সাথে যোগাযোগ করতে পারেন (এ বিষয়ে জানতে হলে পরে দেখুন)।

যদি আপনার অভিযোগ আইনি সহায়তা সংক্রান্ত হয় তাহলে আমরা চাইব এই বিষয় সংক্রান্ত কোনো চিঠিপত্র অথবা নোটের প্রতিলিপি আপনি আমাদেরকে পাঠাবেন ।

স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনঃ

এই কমিশনটি আইন সংক্রান্ত পেশার উপর আত্মনির্ভরশীল নয় এবং এটি আইনী পেশায় নিযুক্ত ব্যাক্তির দ্বারা গঠিত কোনো পরিষেবা সংক্রান্ত অভিযোগ মোকাবিলা করেন । কমিশনের কাছে কোনো অভিযোগ দায়ের করবার জন্য আপনাকে কোনো মূল্য দিতে হবে না । এছাড়াও, কোনো পেশাদার সংগঠন (যেমন স্কটল্যান্ডের ল সোসাইটি অথবা ফ্যাকাল্টি অফ্ অ্যাডভোকেটস্) অশিষ্ট আচরণ এবং পেশাদারী শৃঙ্খলা সংক্রান্ত কোনো অভিযোগ কিভাবে পরিচালনা করেন সেটা কমিশন দেখতে পারেন এবং তাদের সুপারিশ বলবৎ করতে পারেন ।

স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনের সাথে যোগাযোগ করুন. স্ট্যাম্প অফিস, 10-14 Waterloo Place, Edinburgh, EHI 3EG, দূরাভাষ নম্বর হলো, 0131 528 5111, ই-মেলের মাধ্যমে অনুসন্ধান করতে চাইলে লিখুন enquiries@scottishlegalcomplaints.org.uk অথবা এদের ওয়েবসাইট দেখুন www.scottishlegalcomplaints.org.uk.

আদালতের বিরুদ্ধে আপনার যদি কোনো অভিযোগ থাকেঃ

আদালতের বিরুদ্ধে অথবা আদালতের কোনো কর্মী যারা আপনার কেস দেখাশোনা করেছেন তাদের বিরুদ্ধে অভিযোগ করতে গেলে আপনাকে স্কটিশ কোর্ট সার্ভিস, Hayweight House, 23 Lauriston Street, Edinburgh, EH3 9DQ-এ যোগাযোগ করতে হবে. এদের দূরাভাষ নম্বর 0131 229 9200. অথবা এদের ওয়েবসাইট www.scotcourts.gov.uk-তে গিয়ে অভিযোগ পদ্ধতি সম্মন্ধে জানুন ।

যদি আপনার অভিযোগ বিচারক বা শেরিফের বিরুদ্ধে হয়ে থাকেঃ

বিচারক বা শেরিফের ব্যবহার সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে আপনি স্কটিশ সরকারকে লিখুন এই ঠিকানায়--Constitutional Law and Courts Directorate, Legal System Division, Courts and Administrative Justice Team, 2W St. Andrews House, Regent Road, Edinburgh, EH1 3DG।

12. আমি কিভাবে কাজ করতে পারি যদি উপদেশ এবং সাহায্য এবং আইনী সাহায্যের জন্য আমি যোগ্য হবো?

আপনি কি অর্থনৈতিক ভাবে যোগ্য তা বের করার জন্য ঃ

- উপদেশ এবং সাহায্য, সেকশন 12.1 দেখুন ।
- আইনী সাহায্য সেকশন 12.2 দেখুন ।

প্রদর্শিত সংখ্যা প্রতি বৎসর পরিবর্তন হয়, এই লিফলেটের সাম্প্রতিক সংস্করণ দেখে নিশ্চিন্ত হন।
মনে রাখবেন, আপনি যদি উপদেশ এবং সাহায্য পাওয়ার ক্ষেত্রে অযোগ্য প্রমাণিত হন, সেক্ষেত্রেও আপনি আইনী সহায়তা পেতে পারেন এবং এর বিপরীতধর্মী ঘটনাও ঘটতে পারে---এ বিষয়ে আপনি আপনার সলিসিটরের সাথে পরামর্শ করুন ।

12.1 উপদেশ এবং সাহায্য এর জন্য আমি কি যোগ্য?

শিশুদের মামলার ব্যাপারে বা অপরাধমূলক ব্যাপারে আপনি দেখুন আমাদের লিফলেট *'আমি কি উপদেশ ও সাহায্য' এর যোগ্য - শিশুদের এবং অপরাধমূলক মামলায়?*

যোগ্য হতে হলে আপনার রোজগার এবং মূলধন স্কটিশ সংসদের দ্বারা ধার্য্য করা অর্থনৈতিক পরিমাপ এর ভিতরে হতে হবে ।

আপনি অর্থনৈতিক ভাবে যোগ্য কি না তার জন্য নীচের পদক্ষেপ গুলি দেখুন। আপনি অর্থনৈতিক ভাবে যোগ্য কি না তা দেখতে ওয়েব সাইট www.slab.org.uk আমাদের আমাদের ওনলাইন ক্যালকুলেটর ব্যবহার করতে পারেন।

এই সংখ্যা গুলি একমাত্র পথনিদর্শক, এবং আপনার সলিসিটার যা করবেঃ

- আপনি আবেদন করতে স্থির করলে তাদের মাধ্যমে যান
- সঠিক রাশি নিশ্চিন্ত করুন

- আপনি যোগ্য কি না বলুন

পদক্ষেপ 1: আপনার কি কোন পার্টনার আছে যার রোজগার এবং মূলধনকে আমাদের বিবেচনা করা দরকার?

পার্টনার বলতে আমরা বুঝি আপনি কারো সঙ্গে যুগলে বাস করছেন, হয়ত আপনিঃ

- বিবাহিত বা অবিবাহিত হতে পারেন।
- সমলিঙ্গের বা ভিন্নলিঙ্গের হতে পারেন।

আপনার যদি পার্টনার থাকে তবে প্রতিটা ধাপে মোট রাশিতে আপনি ওদের সব সম্পদ জোড়ে দিন যতক্ষন নাঃ

- আপনি আলাদা বাস করছেন।
- ওরা আপনার লিগাল সমস্যার অংশীদার বা আপনার কেইস এর বিবাদী
- এইরূপ করা অযৌক্তিক বা কঠিন হবে - যদি তাই হয় আপনার সলিসিটার এর সঙ্গে কথা বলা উচিত।

পদক্ষেপ 2: আপনি বা আপনার পার্টনার আয় সহায়তা বা কর্ম-সন্ধানীর এর এ্যালাউন্স পয়ে থাকেন?

আপনারা দুজনের এরজন যে কোন একটি সুবিধা পেলে আপনি উপদেশ এবং সাহায্য এর জন্য আয় এর উপর যোগ্য এবং অনুদান দিতে হবে না। যদি মূলধনের উপর যোগ্য হন তবে সোজা সেকশন 8 এ চলে যান।

যদি দুইজনের কেহই এই সুবিধা না পান, পদক্ষেপ 3 এ চলে যান।

পদক্ষেপ 3: আপনার মোট সাপ্তাহিক আয় বের করুন।

'মোট সাপ্তাহিক আয় ' বলতে আমরা বুঝি আপনার মোট রোজগার, সবদিক থেকে, আপনি ও আপনার পার্টনার পান বা পাবেন, বিয়োগ ট্যাক্স এবং ন্যাশন্যাল ইনসুরেন্স অনুদান যদি আপনি স্বনির্ভর বা স্বনিয়োগী হন। যদি আপনি কোন মাসিক রোজগার করেন, তবে সপ্তাহিক অঙ্ক বের করতে মাসিক রাশিকে 12 দিয়ে গুণ করুন এবং তারপর 52 দিয়ে

ভাগ করুন। সংখ্যা এর যোগাঙ্ক সহজতর করতে সবচেয়ে নিকটবর্তী পাউন্ড এ কাছাকাছি নিয়ে যান।

আপনি সম্ভবতঃ অর্থনৈতিক ভাবে যোগ্য কি না তার জন্য এটা একটা শুধু পথনির্দেশক। আপনি উপদেশ এবং সহায়তার এর জন্য আবেদন করলে আপনার সলিসিটার যা করবেঃ

- আপনার সঙ্গে এই সংখ্যা দেখবে।
- আপনার আবেদন করার তারিখটি নিয়ে এবং আবেদন করার তারিখ পর্য্যন্ত 7 দিনের জন্য আপনার মোট সপ্তাহিক আয় বের করবে।
- আপনি যোগ্য কি না তা বলবে।

আপনাকে এটা অন্তর্ভুক্ত করতে হবে

- রোজগার (যে কোন নোট সঙ্গে নিয়ে), ব্যবসা থেকে পাওয়া বা মুনাফা
- ভরণ পোষণের খরচা (চাইল্ড সাপোর্ট মারফৎ এজেনন্সি মারফৎ না মেটানো পর্য্যন্ত)
- বেসরকারি বা এমপ্লয়ার পেনশন
- সাময়িক অসুস্ততার খরচ
- মা হওয়ার সাময়িক খরচ
- বিদ্যার্থীর জন্য বৃত্তি (কিন্তু ষ্টুডেন্ট লোন নয়)
- জাতীয় পঙ্গু সহায়তা পরিষেবা (NASS) সাহায্য
- বন্ধু এবং আত্মীয়স্বজন থেকে পাওয়া টাকা
- সঞ্চয় এবং বিনিয়োগ থেকে রোজগার
- শেয়ারের থেকে অংশ।

আপনাকে এটা অন্তর্ভুক্ত করতে হবে নাঃ

- উপস্থিতি বা অনুমতি
- কাজের বোনাসে ফিরে যাওয়া
- শোকসন্তাপ এর বেনিফিট
- শিশু বেনিফিট
- শিশুদর যত্নের বোনাস
- শিশু সহায়তা যত্ন (চাইল্ড সাপোর্ট এজেনন্সি মারফৎ দেওয়া)
- শিশু ট্যাক্স ক্রেডিট
- ক্রিসমাস বোনাস
- অবদান ভিত্তিক চাকরী এবং প্রতিপালন ভাতা ।
- অবদান ভিত্তিক কর্মসন্ধানরত ব্যাক্তির ভাতা ।
- কাউন্সিল কর সুবিধা
- অঙ্গহানির জন্য ভাতা
- অভিভাবক ভাতা
- গৃহ কল্যান
- অক্ষমতার কারণে সুয়োগ
- শ্রম সংক্রান্ত কোনো ক্ষতি দ্বারা ঘটিত অঙ্গহানি
- দূর্বল/রুগ্ন তত্বাবধান বৃত্তি
- পেনশন ক্রেডিট
- গুরুতর অক্ষমতার কারণে ভাতা
- রাষ্ট্র অবসরগ্রহণ পেনশন
- বিধিবদ্ধ নিয়ম-সংক্রান্ত মাতৃত্ব অর্থপ্রদাণ (অ-পেশাগত)
- বিধিবদ্ধ নিয়ম-সংক্রান্ত অসুস্থতার কারণে অর্থপ্রদাণ
- ভিক্টোরিয়া ক্রস অথবা র্জজ ক্রসের অধিকারীদের দেওযা অর্থ
- যুদ্ধের কারণে অক্ষম ব্যাক্তিদের পেনশন
- যুদ্ধের কারণে বিধবা হওযা অথবা এমনি বিধবাদের পেনশন
- সন্তানহারা বাবা মাযের পেনশন
- কর্মরত কর ক্রেডিট
-

এটা আপনার সর্বমোট সাপ্তাহিক আয় - কোঠার ভিতর সংখ্যা লিখুনঃ

£	কোঠা 1

পদক্ষেপ 4: আপনি যদি ভরনপোষন দিয়ে থাকেন, সাপ্তাহে কত দিতে হয় তা বের করুন।

আপনার সাপ্তাহিক ভরনপোষের খরচা এই কোঠায় লিখুনঃ

£	কোঠা 2

পদক্ষেপ 5: আপনার পার্টনারের জন্য এবং প্রত্যেক পোষ্যের (প্রাপ্ত বয়স্ক বা শিশু - ডিপেনডেন্ট) জন্য নিচের অ্যালাউন্স যোগ করুন।

একজন 'পোষ্যের' দ্বারা, আমরা বুঝাচ্ছি শিশু অথবা একজন ব্যাক্তি যারা আপনার সঙ্গে থাকেন ও তাদের কোন নিজস্ব আয় নেই।

পার্টনার	£ 36.65
পোষ্য: প্রত্যেক শিশুর জন্য	£ 56.11
পোষ্য: প্রত্যেক প্রাপ্ত বয়স্ক (পার্টনার ছাড়া)	£ 56.11

এগুলো হচ্ছে আপনার সাপ্তাহিক এ্যালাউন্স - মোট সংখ্যা এই কোঠায় লিখুনঃ

£	কোঠা 3

পদক্ষেপ 6: আপনার মোট সাপ্তাহিক ডিসপোসেবল আয় বের করুন।

আপনার সাপ্তাহিক মোট আয় নিন (কোঠা 1 দেখুন), আপনার সাপ্তাহিক ভরনপোষণের খরচা (কোঠা 2 দেখুন), ও সাপ্তাহিক এ্যালাউন্স (কোঠা 3 দেখুন) বাদ দিয়ে দিন. নিচের কোঠা গুলো আপনাকে এগুলো করতে সাহায্য করবে। যে সংখ্যাটা আপনি পাবেন এটা আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয়।

কোঠা 1 থেকে সংখ্যা (মোট	£	কোঠা 1

সাপ্তাহিক আয়)		
বিয়োগ কোঠা 2 থেকে সংখ্যা (ভরনপোষোনের খরচা)	£	কোঠা 2
বিয়োগ কোঠা 2 থেকে সংখ্যা (সাপ্তাহিক এ্যালাউন্স)	£	কোঠা 3
সমান **সাপ্তাহিক ডিসপোসেবল আয়**	£	কোঠা 4

পদক্ষেপ 7: আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয় কি এটা বুঝায় যে আপনি উপদেশ এবং সহায়াতার যোগ্য?

যদি আপনার সাপ্তাহিক ডিসপোসিবল আয় £234 থেকে বেশী, তবে আপনি উপদেশ ও সহায়তা পাবার যোগ্য নন।

যদি এটা £234 অথবা থেকে কম, তাহলে আপনি আয় এর দিক দিয়ে যোগ্য, কিন্তু আপনি কি মূলধন দিয়ে যোগ্য তার জন্য আপনাকে পদক্ষেপ 8 দেখা দরকার। আপনাকে অনুদান দিতে হতে পারে - পদক্ষেপ 12 দেখুন।

পদক্ষেপ 8: এখন আপনার মোট মূলধন হিসাব করে বের করুন

এতক্ষন আপনি হিসাব করেছেন আপনার আয়ের দিক দিয়ে আপনি যোগ্য কিনা, আপনাকে বের করতে হবে আপনি মূলধনের দিক দিয়ে যোগ্য কি না। **'মূলধন'** দ্বারা আমরা বোঝাচ্ছি সঞ্চয় এবং যে কোন মূল্যের বস্ত যা আপনার কাছে আছে।

আপনি এবং আপনার পার্টনারের সমস্ত মূলধন যোগ করুন (যতক্ষন না পর্য্যন্ত আমরা তাদের কোন সম্পদে ছাড় দিচ্ছি - পদক্ষেপ 1 দেখুন)

মূলধনের উদাহরণঃ

- আপনি ও আপনার পার্টনারের জমি, বাড়ী (আপনার বসত বাড়ী অন্তর্ভূক্ত নয়), সুদ এবং শেয়ার নিয়ে যে টাকা ধার পাওয়া যাবে।
- ব্যাঙ্কে, বিল্ডিং সোসাইটি, পোষ্ট অফিস, প্রিমিযাম বণ্ড, ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট ইত্যাদিতে থাকা টাকা
- বিনিয়োগ, ষ্টক এবং শেয়ার
- আপনার বীমার পলিসির পরিপ্রেক্ষিতে যে টাকা ধার পাওয়া যাবে
- অনাবশ্যক যে কোন সম্পত্তির মূল্য, যেমন একটি নৌকা, একটি ক্যারাভ্যান, দ্বিতীয় গাড়ী, অলঙ্কার (কিন্তু বিবাহের অলঙ্কার অথবা আংটি নয়), পুরোনো জিনিষ বা বিনিয়োগের জন্য যে জিনিষ কেনা হয়েছে
- আপনি ও আপনার পার্টনারের কাছে যে টাকা আছে
- কোন মৃত ব্যাক্তির উইল থেকে পাওনা কোন টাকা
- ট্রাষ্টের তহবিল থকে পাওনা টাকা
- ব্যাবসাহিক সম্পত্তির উপর যে টাকা ধার নেওয়া হয়েছে
- অতিরিক্ত অর্থপ্রদান

যে গুলি অন্তঃর্ভুক্ত হয় নাঃ

- আপনার বসত বাড়ী
- আপনার ঘরের আসবাব ও কাপড় চোপড়
- আপনার কাজের যন্ত্রপাতি যে গুলো আপনার প্রয়োজনীয়
- সম্পত্তি বা জিনিষ যা নিয়ে বিবাদ আছে তার মূল্য

এটা আপনার **মোট মূলধন** – এই কোঠার ভিতর সংখ্যা লিখুনঃ

£ ______ কোঠা 5

পদক্ষেপ 9: আপনার মূলধনের পরিপ্রেক্ষিতে প্রত্যেক পোষ্য (প্রাপ্ত বয়ষ্কঃ ও শিশু) যারা আপনার সঙ্গে বাস করে নিচের অ্যালাউন্স গুলি যোগ করুন।

অ্যালাউন্স গুলি হলঃ

প্রথম পোষ্যের জন্য	£ 335
দ্বিতীয় পোষ্যের জন্য	£ 200

প্রত্যেক বাড়তি পোষ্যের জন্য	£ 100

এগুলো হল আপনার এ্যালাউন্স - এই কোঠার ভিতর সংখ্যা লিখুনঃ

£	কোঠা 6

পদক্ষেপ 10: আপনার ডিপপোসেবল মূলধন হিসাব করে বের করুন

আপনার মোট মূলধন নিন (কোঠা 8) এবং আপনার এ্যালাউন্স বাদ দিন (কোঠা 6)। আপনার যে সংখ্যাটা বের হল সেটা আপনার ডিসপোসেবল মূলধন।

কোঠা 5 থেকে সংখ্যা (মোট মূলধন)	£	কোঠা 5
বিয়োগ		
কোঠা 6 থেকে সংখ্যা (এ্যালাউন্স)	£	কোঠা 6
সমান		
মোট ডিপপোসেবল মূলধন	**£**	**কোঠা 7**

উপদেশ ও সহায়তার জন্য, যদি মোট ডিসপোসেবল মূলধন £1,639 বা তার থেকে কম, আপনি মূলধনে যোগ্য। আপনি যদি পেনসন পেয়ে থাকেন, আপনার মূলধন £1,639 থেকে বেশী হলেও আপনি যোগ্য হবেন - এ নিয়ে আপনার সলিসিটরের সাথে কথা বলুন।

পদক্ষেপ 11: আপনি কি উপদেশ এবং সহায়তার যোগ্য?

আপনি উপদেশ এবং সহায়তার জন্য যোগ্য হতে পারেন যদিঃ

- আপনার ডিসপোসেবল আয় (কোঠা 4 এর সংখ্যা) £234 বা তার কম (অথবা আপনি আয় সমর্থনে আছেন বা আপনি আয়-ভিত্তিক কর্ম অনুসন্ধানীর অ্যালাউনন্স পেয়ে থাকেন) ও

- আপানার ডিসপোসিবল মূলধন (কোঠা 7 এর সংখ্যা) £1,639 বা তার কম। কিন্ত তবুও আপনি যোগ্য হবেন যদি পেনসন ভোক্তা সঙ্গে আপনার £1,639 বা তার থেকে বেশী মূলধন আছে - এ নিয়ে আপনি সলিসিটর এর সাথে কথা বলুন।

আপনি যদি মনে করেন আপনি যোগ্য, আপনি নিশ্চিন্ত হন যে আপনাকে আপনার আয় এর উপর ভিত্তি করে কোন অনুদান দিতে হবে কিনা (দেখুন পদক্ষেপ 12)। উপদেশ এবং সহায়তার জন্য আপনাকে মূলধনের উপর ভিত্তি করে কোন অনুদান দিতে হবে না।

আপনি যদি উপদেশ এবং সহায়তার জন্য আবেদন করতে মনস্থ করেন, যখন সলিসিটরের সাথে প্রথম দেখা করবেন আপনাকে আপনার আয় ও মূলধনের যতেষ্ট প্রমান সঙ্গে নিতে হবে। উদাহরণঃ

- সাম্প্রতিক বেতনের নোট, অথবা অ্যাকাউন্টস্ আপনি যদি স্বনির্ভর হয়ে থাকেন
- পেনসন বা বেনিফিট বই
- সাম্প্রতিক বেনিফিট অ্যাওয়ার্ড চিঠি অথবা ঘোষণা পত্র
- যে কোনো সঞ্চয়ের বিবরণ - উদাহরণ স্বরূপ: ব্যাঙ্ক ষ্টেটমেন্ট বা পাসবই।

আপনি যদি শুরুতে এই প্রমাণ পত্র গুলি পেশ করতে না পারেন, আপনার আবেদন পিছিয়ে যাবে যতক্ষন পর্যন্ত্য না আপনার সলিসিটর আপনার অর্থনৈতিক অবস্থার তথ্যকে উপযুক্ত মনে করছেন, তারা আপনার জন্য কাজ শুরু করতে পারবেন না।

আপনার সলিসিটর কে এটাও নিশ্চিত হতে হবে যে ব্যাপারে আপনি উপদেশ এবং সহায়তা চাইছেন তা স্কটিশ আইনে-র আওতায় পড়ে।

পদক্ষেপ 12: আপনাকে কত খরচ করতে হতে পারে।
আপনার ডিসপোসেবল আয়ের উপর ভিত্তি করে আপনাকে অনুদান দিতে হতে পারে - এটা নিচের তালিকা এর উপর ভিত্তি করে হিসাব করাঃ

<u>তালিকা 1</u>

সাপ্তাহিক ডিসপোসেবলে আয়	অনুদান
ডিসপোসেবলে আয় £100 বা তার কম	কোন অনুদান নেই
£100 থেকে বেশী £107 থেকে বেশী নয়	£7
£107 থেকে বেশী £114 থেকে বেশী নয়	£14

£114 থেকে বেশী £121 থেকে বেশী নয়	£21
£121 থেকে বেশী £128 থেকে বেশী নয়	£28
£128 থেকে বেশী £135 থেকে বেশী নয়	£35
£135 থেকে বেশী £142 থেকে বেশী নয়	£42
£142 থেকে বেশী £149 থেকে বেশী নয়	£49
£149 থেকে বেশী £156 থেকে বেশী নয়	£56
£156 থেকে বেশী £163 থেকে বেশী নয়	£63
£163 থেকে বেশী £170 থেকে বেশী নয়	£70
£170 থেকে বেশী £177 থেকে বেশী নয়	£77
£177 থেকে বেশী £184 থেকে বেশী নয়	£84
£184 থেকে বেশী £191 থেকে বেশী নয়	£91
£191 থেকে বেশী £198 থেকে বেশী নয়	£98
£198 থেকে বেশী £205 থেকে বেশী নয়	£105
£205 থেকে বেশী £212 থেকে বেশী নয়	£112
£212 থেকে বেশী £219 থেকে বেশী নয়	£119
£219 থেকে বেশী £226 থেকে বেশী নয়	£126
£226 থেকে বেশী £234থেকে বেশী নয়	£134
£234থেকে বেশী	উপদেশ এবং সহায়তার যোগ্য নয়

আপনাকে যদি অনুদান দিতে হয়, আপনি আপনার সলিসিটর কে দিন। তারা আপনার সঙ্গে আলোচনা করবে কি ভাবে দিতে হবে, এক সঙ্গে না কিস্তিতে।

পরীক্ষামূলক উপদেশ ও সহায়তা

অনেক সময় আপনার সলিসিটর আপনাকে "পরীক্ষামূলক" উপদেশ ও সহায়তা মঞ্জুর করতে পারে। এটি ওদেরকে আপনার সমস্যা সম্বন্ধে আরো তথ্য খুজে পেতে এবং আপনাকে উপদেশ এবং সহায়তার আওতায় সাহায্য করার সিদ্ধান্তে পৌছাতে সাহায্য করে। আপনাকে এই কাজের জন্য সম্ভাব্য কত দিতে তা নিচের তালিকায় দেখানো আছে। আপনাকে সর্বোপরি £35 দতে হবে। আপনার সলিসিটর আপনার সঙ্গে আলোচনা করবে কি ভাবে তা দিতে হবে।

তারা যদি মনে করেন যে, তারা আপনার সমস্যায় সম্পূর্ণ উপদেশ এবং সহায়তার আওতায় আপনাকে সাহায্য করতে পারবেন, তারা আপনার কাছ থেকে তালিকা-1 অনুযায়ী আপনার কাছ থেকে অনুদান চাইতে পারেন। তারা যদি তাই করেন, তবে পরীক্ষামূলক উপদেশ এবং সহায়তার প্রতি যে অনুদান আপনি দিয়ে ছিলেন তা পূর্ণ উপদেশ এবং সহায়তার অনুদান থেকে বাদ দেওয়া হবে।

আপনার সাপ্তাহিক ডিসপোসেবল আয় যদি £234 থেকে বেশী হয়, তবে আপনি পরীক্ষামূলক উপদেশ এবং সহায়তার যোগ্য নন। এটা যদি £234 বা তার থেকে কম, তবে আয়ের উপর ভিত্তি করে যোগ্য, কিন্তু আপনাকে মূলধনের উপর ভিত্তি করে যোগ্য কি না দেখার জন্য পদক্ষেপ 8 দখতে হবে।

তালিকা 2

সাপ্তাহিক ডিসপোসেবল আয়ের পরিসর	**সর্বোপরি অনুদান**
£100 বা কম	কোন অনুদান নেই
সাপ্তাহে £100 থেকে বেশী £128 থেকে বেশী নয়	£7
সাপ্তাহে £128 থেকে বেশী £156 থেকে বেশী নয়	£14
সাপ্তাহে £156 থেকে বেশী £184 থেকে বেশী নয়	£21
সাপ্তাহে £184 থেকে বেশী £ 212 থেকে বেশী নয়	£28
সাপ্তাহে £212 থেকে বেশী £234 থেকে বেশী নয়	£35
£234 থেকে বেশী	উপদেশ এবং সহায়তার যোগ্য নয়

পদক্ষেপ 13: তার পর কি?

আপনি যদি যোগ্য হন এবং উপদেশ এবং সহায়তার জন্য আবেদন করতে চান, আপনি সেটা সলিসিটরের মাধ্যমে করুন। কিভাবে সলিসিটর কে খুজে পাওয়া যাবে তার জন্য সেকসন 5 দেখুন।

আপনি যদি ভাবেন আপনার একজন সলিসিটর প্রয়োজন আদালতে কেসটি নিয়ে যাওয়ার জন্য তাহলে আপনি পরবর্তী পাতাগুলি ভালো করে পড়ুন অর্থনৈতিকভাবে আইনী সহায়তা পাওয়ার যোগ্যতা আপনার আছে কিনা সেটা জানবার জন্য ।

মনে রাখবেন, আপনি যদি উপদেশ এবং সাহায্য পাওয়ার ক্ষেত্রে অযোগ্য প্রমাণিত হন, সেক্ষেত্রেও আপনি আইনি সহায়তা পেতে পারেন এবং এর বিপরীতধর্মী ঘটনাও ঘটতে পারে--- এ বিষয়ে আপনি আপনার সলিসিটরের সাথে পরামর্শ করুন ।

আপনি যদি উপযুক্ত বিবেচিত না হন, বিনামূল্যে আপনি বিভিন্ন সংস্থা থেকে উপদেশ নিতে পারেন যেমন, সিটিজেনস অ্যাডভাইস স্কটল্যান্ড, মানি অ্যাডভাইস সেন্টারস অর শেল্টার (যেগুলি বিশেষতঃ গৃহ সংক্রান্ত বিষয়গুলির মোকাবিলা করেন) আপনার কেসে এরা আপনাকে সাহায্য করতে পারবেন এবং আপনার আইনী সহায়তার প্রয়োজন আছে কিনা সেটা বিবেচনা করতে সাহায্য করবেন (যোগাযোগের বিশদ বিবরণ জানবার জন্য প্রথম পাতার ভিতরের অংশটি দেখুন) আপনি আরো দেখবেন যে আপনার ব্যবসায়ী সংগঠন অথবা বীমা সংস্থার মাধ্যমে আপনি সাহায্য পাচ্ছেন ।

12.2 আমি কি অর্থনৈতিক ভাবে আইনী সাহায্যের জন্য যোগ্য?

আপনার কেসকে কোর্টে নিয়ে যাওয়ার জন্য আইনী সাহায্য আপনার সলিসিটর এর তহবিল প্রদান করে। এতে প্রস্তুতির কাজ এবং তৎসঙ্গে শুনানিও অর্ন্তভূক্ত । এটি প্রয়োজনে উকিল এবং পারদর্শিদের তহবিল প্রদান করবে।

আপনি কি অর্থনৈতিক ভাবে উপদেশ এবং সহায়তার জন্য উপযুক্ত তা বের করার জন্য আপনি এই পদক্ষেপ অনুসরণ করতে পারেন। অথবা আমাদের ওয়েব সাইট **www.slab.org.uk** এ ওনলাইন ক্যালকুলেটর ব্যবহার করে নিতে পারেন। আমাদের পত্রিকা এবং ওয়েব সাইটে যে তথ্য আছে সে গুলি শুধু মাত্র একটা পথনির্দেশ।

আপনি আমাদের কে সন্তুষ্ট করতে হবে যে আপনার কেসের একটা লিগাল ভিত্তি আছে এবং এটার জন্য জনসাধারণের তহবিল ব্যবহার করাটা যুক্তিযুক্ত।

আপনি যদি মনস্তঃ করেন যে আপনার আবেদন নিয়ে এগিয়ে যাবেন, আমরা সিদ্ধান্তে পৌছাতে এটাকে সম্পূর্ণ ভাবে বিচার করে দেখব। আপনাকে সলিসিটর এর মাধ্যমে

আবেদন করতেই হবে। কিভাবে সলিসিটর কে খুজে পাওয়া যাবে তার জন্য সেকসন 5 দেখুন।

পদক্ষেপ 1: আপনার কি কোন পার্টনার বা বন্ধু আছে যার আয় ও মূলধন আমাদের ধরে নিতে হবে?

'পার্টনার' বলতে আমরা বোঝাচ্ছি আপনি সাধারণতঃ ওনার সঙ্গে এক যোগলে থাকেন, আপনি কি?

- বিবাহিত বা নয়
- একি লিঙ্গের না ভিন্ন।

আপনার যদি পার্টনার থাকে, আপনার তাদের সম্পদের মোট পরিমাণ সংখ্যায় প্রত্যেক পদক্ষেপে অন্তর্ভূক্ত করতে হবে যদি নাঃ

- যদি না আপনার পার্টনারের এই কেসের প্রতি বিরুদ্ধাচরন আছে বা
- আপনারা আলাদা থাকেন কারন আপনারা নামে করেন আপনাদের সম্পর্ক শেষ পর্যায়ে।

পদক্ষেপ 2: আপনি বা আপনার পার্টনার কি আয় সাহায্য বা আয়-ভিত্তিক কর্মসন্ধানীর এ্যালাউন্স পেয়ে থাকেন?

আপানদের মধ্য যে কোনো একজন যদি এই লাভ পেয়ে থাকেন, আপনি স্বয়ংক্রিয় ভাবে দুটো আয়ের উপর আইনী সাহায্যের জন্য যোগ্য হয়ে যাবেন এবং আপনার কেইসের খরচের উপর আমরা অনুদান দিতে বলব না।

যদি আপনাদের মধ্য কেউই এই লাভ না পান, তাহলে পদক্ষেপ 3 এ চলে যান।

পদক্ষেপ 3: হিসেব করে দেখুন আগামী বৎসরে আপনার আয় (ট্যাক্স দেওয়ার আগে) কত হতে পারে।

আইনী সাহায্যের জন্য আপনার আবেদন পত্র পাওয়ার তারিখ থেকে আপনি কত আয় করতে পারেন তা হিসাব করব।

সংখ্যা জোড়ার সুবিধার জন্য, পাউন্ড কে কাছের সংখ্যায় নিয়ে দশমিক সরিয়ে দিন।

আপনাকে অন্তর্ভূক্ত করতেই হবেঃ

- ব্যবসা থেকে আয়, কত পাচ্ছেন বা লভ্যাংশ
- ভরণ পোষণের খরচা আপনি পেয়ে থাকেন - কোন একজনের থেকে বা চাইল্ড সাপোর্ট এর মাধ্যমে
- পেনশন
- ষ্টেট বেনিফিট
- ট্যাক্স ক্রেডিট
- স্ট্যাটুট্যারি সিক্ পে
- স্ট্যাটুট্যারি মেটার্নিভ পে
- ষ্টুডেন্ট গ্রান্ট
- বন্ধু ও আত্মীয় থেকে পাওয়া টাকা
- সঞ্চয় ও বিনিয়োগ থেকে আয়
- শেয়ারের ভগ্নাংশ

আপনার মোট বাৎসরিক আয় - এই কোঠার ভিতর সংখ্যা লিখুনঃ

£ ______ কোঠা 1

পদক্ষেপ 4: হিসাব করুন আগামী বৎসর আপনার খরচ এবং অ্যালাউন্স এর জন্য কত দিতে হতে পারে যেটা আপনার জন্য প্রযোজ্য।

খরচ এবং অ্যালাউন্স অন্তর্ভূক্তঃ

- আয় কর এবং জাতীয় বীমা অনুদান
- ভরণ পোষনের খরচ আপনি করেন
- কাজের জন্য শিশুর যত্নের খরচ
- কাজে যাওয়া আসার জন্য ভ্রমণ খরচ
- আবাসন খরচঃ
  - বন্ধক বা ভাড়ার পুনঃমূল্য (যে কোন আবাসন বেনিফিট কাটা যাবে)
  - এনডোমেন্ট বীমা প্রিমিয়াম (যেটা মর্টগেজ সংক্রান্ত কারণে খরচ করা হয়েছে)
  - থাকার জন্য খরচা (যদি আপনি ভাড়া বা বন্ধকের জন্য খরচা না করে থাকেন)
  - কাউন্সিল ট্যাক্স (যে কোন ছাড় কাটা যাবে)

এগুলি আপনার বাৎসরিক ব্যায় - এই কোঠার ভিতর সংখ্যা লিখুনঃ

£	কোঠা 2

পদক্ষেপ 5: নিচের এ্যালাউন্স গুলি আপনার পার্টনার এবং প্রত্যেক পোষ্যের (প্রাপ্ত বয়স্ক এবং শিশু) জন্য একত্রে যোগ করুন।

'পোষ্য' (ডিপেনডেন্ট) বলতে আমরা এটা বোঝাই যে একজন শিশু বা ব্যাক্তি আপনার সঙ্গে বাস করেন যার নিজের কোন আয় নেই।

পার্টনার	£ 1,911
পোষ্য: প্রত্যেক শিশুর জন্য	£ 2,926
পোষ্য: প্রত্যেক প্রাপ্ত বয়স্ক (পার্টনার ছাড়া)	£ 2,926

এগুলি আপনার অ্যালাউন্স - এই কোঠার ভিতর সংখ্যা লিখুনঃ

£	কোঠা 3

পদক্ষেপ 6: আপনার মোট ডিসপোসেবল আয় হিসাব করুন।

আপনার সর্বমোট বাৎসরিক আয় ধরুন (কোঠা 1 দেখুন) ও খরচ (কোঠা 2) এবং এ্যালাউন্স বাদ দিন (কোঠা 3). যেটা আপনার বাকি থাকল সেটাই আপনার মোট ডিসপোসেবল আয়।

কোঠা 1 থেকে সংখ্যা (সর্বমোট আয়)	£	কোঠা 1
বিয়োগ		
কোঠা 2 থেকে সংখ্যা (ব্যায়)	£	কোঠা 2
বিয়োগ		
কোঠা 3 থেকে সংখ্যা (এ্যালাউন্স)	£	কোঠা 3

সমান		
মোট ডিসপোসেবল আয়	£	কোঠা 4

পদক্ষেপ 7: এখন আপনার মূলধন হিসাব করুন।

'মূলধন' বলতে আমরা বোঝাচ্ছি টাকাপয়সা এবং যে কোন মূল্যের বস্তু যা আপনার কাছে আছে। আপনার এবং আপনার পার্টনারের সমস্ত মূলধন যোগ করুন (আমরা যতক্ষণ পর্য্যন্ত তাদের সম্পদের কোন ছাড় দিচ্ছি না - দেখুন পদক্ষেপ 1)

মূলধনের উদাহরণঃ

- আপনি ও আপনার পার্টনারের জমি, বাড়ী (আপনার বসত বাড়ী অন্তর্ভূক্ত নয়), সুদ এবং শেয়ার নিয়ে যে টাকা ধার পাওয়া যাবে।
- ব্যাঙ্কে, বিল্ডিং সোসাইটি, পোষ্ট অফিস, প্রিমিযাম বণ্ড, ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট ইত্যাদিতে থাকা টাকা
- বিনিয়োগ, ষ্টক এবং শেয়ার
- আপনার বীমার পলিসির পরিপ্রেক্ষিতে যে টাকা ধার পাওয়া যাবে
- অনাবশ্যক যে কোন সম্পত্তির মূল্য, যেমন একটি নৌকা, একটি ক্যারাভ্যান, দ্বিতীয় গাড়ী, অলঙ্কার (কিন্তু বিবাহের অলঙ্কার অথবা আংটি নয়), পুরোনো জিনিষ বা বিনিয়োগের জন্য যে জিনিষ কেনা হয়েছে
- আপনি ও আপনার পার্টনারের কাছে যে টাকা আছে
- কোন মৃত ব্যাক্তির উইল থেকে পাওনা কোন টাকা
- ট্রাষ্টের তহবিল থকে পাওনা টাকা
- আপনার পার্টনারের ব্যাবসা থেকে যে টাকা বের করে আনা যাবে বা ব্যাবসাহিক সম্পত্তির উপর যে টাকা ধার নেওয়া যাবে

যে গুলি অন্তঃর্ভুক্ত হয় নাঃ

- আপনার কাজের যন্ত্রপাতি যে গুলো আপনার প্রয়োজনীয়
- আপনার যে কোন সম্পত্তির বা বস্তুর মূল্য যা নিয়ে কোর্ট কেস চলছে (উদাহতণ স্বরূপঃ একটা হলিডে কোটেজ কে ধরা যেতে পারে কিন্তু ধরা যাবে না যদি এটার মালিকানা বিবাহ বিচ্ছেদের নিষ্পত্তি না হওয়া পর্য্যন্ত
- আপনি যে বাড়ীতে থাকেন তার মূল্য

এই পরিমাণ আপনার মোট ডিসপোসেবল মূলধন - এই কোঠার ভিতর লিখুনঃ

£	কোঠা 5

পদক্ষেপ 8: আপনি কি আইনী সাহায্যের যোগ্য?

আপনাকে আয় ও মূলধন দুটোর জন্য অর্থনৈতিক পরীক্ষার সামনা করত হবে। আপনি যদি যোগ্য হয়ে থাকেন, আপনাকে হয় তো আয়, ব্যায় বা দুটো থেকেই অনুদান দিতে হবে।

যদি আপনার ডিসপোসেবল আয় (দেখুন কোঠা 4):

- £25,000, থেকে বেশী আপনি আয় এর দিক থেকে যোগ্য নন্ এবং আপনি আইনী সাহায্য এর যোগ্য হবেন না।
- £3,335 বা তার থেকে কম, আপনি আয় এর দিক থেকে যোগ্য ও আপনাকে আয় থেকে কোনো অনুদান দিতে হবে না।
- £3,355 এবং £25,000 এর মধ্যে, আপনি আয় এর দিক থেকে যোগ্য ও আপনাকে অনুদান দিতে হবে।

এটি গণনা করতে হলে আপনাকে নিম্ন লিখিত সরণীটি অনুসরণ করতে হবে।

মোট ডিসপোজেবল আয	£
	কোঠা 4
যদি 4 নম্বর বক্সের পরিসংখ্যানটি 3,356 পাউন্ড এবং 10,995 পাউন্ডের মধ্যে হয়, 3,355 পাউন্ড ৪ নম্বর বক্সের সংখ্যা থেকে বাদ দিন এবং তার উত্তরটা a বক্সে লিখুন। তারপরে বক্স a –র সংখ্যাটিকে 3 দিয়ে ভাগ করুন। তার উত্তরটা b বক্সে লিখুন। আপনার আয় থেকে এই সংখ্যার টাকা আপনাকে অবদান হিসাবে দিতে বলা হবে।	£ কোঠা a £ কোঠা b

যদি ৪ নম্বর বক্সের পরিসংখ্যানটি **10,996** পাউন্ড এবং **15,000** পাউন্ডের মধ্যে হয়, তাহলে 10,996 পাউন্ড 4 নম্বর বক্সের সংখ্যা থেকে বাদ দিন এবং তার উত্তরটা c বক্সে লিখুন. তারপরে বক্স c –র সংখ্যাটিকে 2 দিয়ে ভাগ করুন. তার উত্তরটা d বক্সে লিখুন। **2546** পাউন্ড d বক্সের সংখ্যার সাথে যোগ করতে হবে এবং তার উত্তরটি e বক্সে লিখতে হবে । আপনার আয় থেকে এই সংখ্যার টাকা আপনাকে অবদান হিসাবে দিতে বলা হবে ।	£
	কোঠা c
	£
	কোঠা d
	£
	কোঠা e
যদি 4 নম্বর বক্সের পরিসংখ্যান **15,001** পাউন্ডের বেশী হয় কিন্তু **25,000** পাউন্ডের কম হয় তাহলে: 4 নম্বর বক্সের পরিসংখ্যান থেকে **15,001** পাউন্ড বিয়োগ করতে হবে, এবং তার উত্তরটা f বক্সে লিখতে হবে । তারপরে তার সাথে **4,548** পাউন্ড যোগ করতে হবে এবং উত্তরটা g বক্সে লিখতে হবে । আপনার আয় থেকে এই পরিমাণ অর্থ আপনাকে অবদান হিসাবে দিতে বলা হবে ।	£
	কোঠা f
	£
	কোঠা g

আপনি যদি অর্থনৈতিক ভাবে যোগ্য হোন আর আপনার ডিসপোসেবল মূলধন (দেখুন কোঠা 5) হলঃ

- £7,504 বা তার থেকে কম, আপনি মূলধনের এর দিক থেকে যোগ্য ও আপনাকে মূলধন থেকে কোনো অনুদান দিতে হবে না।
- £7,504 এবং £12,439 এর মধ্যে, আপনি মূলধনের এর দিক থেকে যোগ্য কিন্তু আপনাকে মূলধন থেকে অনুদান দিতে হবে – এটা আপনার মূলধনের সংখ্যা আর £7,504 এর পার্থক্যের সমান হবে।
- £12,439 বেশী, আমরা সাধারণতঃ আইনী সাহায্য দিতে অসম্মত হই, আমরা মনে করি এটা ছাড়া আপনি খরচ বহন করে চালিয়ে যেতে পারবেন।
- £12,439 থেকে বেশী হলে আমরা সাধারণতঃ আইনী সাহায্য দিতে অসম্মত হই আর আমরা মনে করি আপনি নিজে খরচ বহন করে এটা চালিয়ে যেতে

পারবেন। এটা নির্ভর করে আপনি কি ধরনের মামলার সাথে জড়িত এবং এটাতে কত খরচ হতে পারে।

যদি আপনার মূলধন £12,439 থেকে বেশী হয়, তবুও আপনি যোগ্য হতে পারেন যদি আপনি পেনশন ভোক্তা হন বা আমরা যদি মনে করি এটা বিচার্য যে আপনাকে আইনী সাহায্য মঞ্জুর করা হোক। আপনার সলিসিটর এ ব্যাপারে আপনাকে উপদেশ দিতে পারেন।

পদক্ষেপ 9: আপনার কত দিতে হতে পারে।

আগের সেকশন 7 দেখুন, *আমি কি করে জানব আমাকে কত দিতে হতে পারে?*

পদক্ষেপ 10: তার পর কি?

আপনি অর্থনৈতিক ভাবে আইনী সাহায্যের জন্য যোগ্য হলেও তবুও আপনাকে অন্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে, যেমন ধরুন আপনার আপনার কেসের আইন গত ভিত্তি। আপনি পরিক্ষায় উপনিত হয়ে যোগ্য হলে আমরা সিদ্ধান্ত নেবো।

আপনাকে আইনী সাহায্যের জন্য সলিসিটরেরে মাধ্যমে আবেদন করতে হবে। দেখুন সেকশন 5 কি করে সলিসিটর কে খুজে পাবেন তার তথ্য।

মনে রাখবেন, আপনি যদি উপদেশ এবং সাহায্য পাওয়ার ক্ষেত্রে অযোগ্য প্রমাণিত হন, সেক্ষেত্রেও আপনি আইনি সহায়তা পেতে পারেন এবং এর বিপরীতধর্মী ঘটনাও ঘটতে পারে--- এ বিষয়ে আপনি আপনার সলিসিটরের সাথে পরামর্শ করুন ।

আপনি যদি উপযুক্ত বিবেচিত না হন, বিনামূল্যে আপনি বিভিন্ন সংস্থা থেকে উপদেশ নিতে পারেন যেমন, সিটিজেনস অ্যাডভাইস স্কটল্যান্ড, মানি অ্যাডভাইস সেন্টারস অর শেল্টার (যেগুলি বিশেষতঃ গৃহ সংক্রান্ত বিষয়গুলির মোকাবিলা করেন) আপনার কেসে এরা আপনাকে সাহায্য করতে পারবেন এবং আপনার আইনী সহায়তার প্রয়োজন আছে কিনা সেটা বিবেচনা করতে সাহায্য করবেন (যোগাযোগের বিশদ বিবরণ জানবার জন্য প্রথম পাতার ভিতরের অংশটি দেখুন) আপনি আরো দেখবেন যে আপনার ব্যবসায়ী সংগঠন অথবা বীমা সংস্থার মাধ্যমে আপনি সাহায্য পাচ্ছেন ।

পেছনের পাতা

(বিদেশী ভাষার জন্য বরাদ্দ স্থান)

এই লিফলেটটি অন্যান্য ভাষাতে অথবা ব্রেইলে, বড় ছাপার অক্ষরে অথবা সি-ডি-তে পেতে হলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন প্রথম পাতার ভিতরে দেওয়া ঠিকানায়।

এই লিফলেটটি রিভাইভ 75-এ ছাপা হয়েছে, যা 75% পুনর্প্রাপ্ত ফাইবার দিয়ে তৈরী।
এই পণ্যটি কার্বন নিউট্রাল®।
স্টিউয়ার্টস কালার প্রিন্টার, Edinburgh TT-CAC-002190 দ্বারা মুদ্রিত।

প্লেইন ল্যাংগুয়েজ কমিশন লোগো